

খুলনা বিশ্ববিদ্যালয়ের জায়গা সম্প্রসারণের দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

খুবি প্রতিনিধি

প্রকাশিত: ১৮:৪১, ৩ নভেম্বর ২০২৪; আপডেট: ১৮:৪১, ৩ নভেম্বর ২০২৪



জমি অধিগ্রহণের মাধ্যমে খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) সম্প্রসারণের দাবিতে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। রবিবার (৩ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের শহীদ মীর মুফ্ত তোরণে সামনে খুলনা-সাতক্ষীরা মহাসড়কে অবস্থান নিয়ে তারা এ মানববন্ধন করেন।

UNIBOTS

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, "খুলনা বিশ্ববিদ্যালয় দেশে বিদেশে অনেক সুনাম অর্জন করে এবং আন্তর্জাতিকভাবে বিভিন্ন র্যাংকিংয়ে স্থান পাচ্ছে। কিন্তু দেশের মধ্যে অন্যতম এ বিশ্ববিদ্যালয়ের আয়তন অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় অনেক কম। বর্তমানে নতুন করে আর কোনো ভবন নির্মাণ করারও জায়গা নেই। অনেক ডিসিপ্লিনের গবেষণার জন্য পর্যাপ্ত ফিল্ড নেই। এমতাবস্থায় প্রস্তাবিত ২০৩ একর জমি অধিগ্রহণ ছাড়া বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন সম্ভব নয়।"

তারা বলেন, "খুলনা বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণের জন্য বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী মৎস্য খামা ব্যবস্থাপকের কার্যালয় এবং ২০৩ একর জমি অধিগ্রহণে প্রশাসনের উদাসীনতা ও দীর্ঘসূত্রিতা লক্ষ্য করা যাচ্ছে। আগামী তিনদিনের মধ্যে আমাদের আশ্বস্ত না করলে সকল শিক্ষার্থীরা ক্লাস পরীক্ষা বর্জন করে বিক্ষোভ করব।"

জানা যায় ১৯৮৭ সালে প্রতিষ্ঠালগ্নে বাংলাদেশ বেতারের পরিত্যক্ত ১০৩ একর জমির ওপর খুলনা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। প্রতিষ্ঠার পর থেকে নতুন করে তেমন কোনো জমি অধিগ্রহণ হয়নি। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমেরও ৩৩ বছর পার হয়েছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ডিসিপ্লিনের সংখ্যা ২৯টি এবং শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৭ হাজার।